

## আবারও পেছাল এসএসসি পরীক্ষা

আজকেরটি ১৪ মার্চ

১২ ফেব্রুয়ারির ১৩ মার্চ

### যুগান্তর রিপোর্ট

আজ এবং মঙ্গলবারের এসএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। বিএনপি-জামায়াতসহ ২০ দলীয় জোটের নতুন হরতালের কারণে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। আজকের পরীক্ষা ১৪ মার্চ শনিবার সকাল ১০টায় নেয়া হবে। মঙ্গলবারের পরীক্ষার তারিখ নির্ধারণ হয়নি। তবে ১২ ফেব্রুয়ারির স্থগিত করা পরীক্ষাটি ১৩ মার্চ সকাল ৯টায় নেয়া হবে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ শনিবার বিকালে হেয়ার রোডের বাসভবনে জরুরি সংবাদ সম্মেলনে এসব কথা জানান। এ সময় শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) ও ঢাকা শিক্ষা বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

গুরুবার সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে ২০ দলীয় জোটের পক্ষে ৭২ ঘণ্টার হরতাল ডাকা হয়। আজ সকালে শুরু হওয়া এ হরতাল চলবে বুধবার ভোর ৬টা পর্যন্ত। পূর্ব নির্ধারিত সময়সূচি অনুযায়ী আজ এসএসসিতে বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, সামাজিক বিজ্ঞান, দাখিলে সামাজিক বিজ্ঞান, তাজবীদ নসর ও নযম (মুজাব্বিদ গ্রুপ), তাজবীদ (ফিকজুল কুরআন গ্রুপ) এবং এসএসসি ভোকেশনালে উচ্চতর

## পরীক্ষা : এসএসসি

(১ম পৃষ্ঠায় পর)

গণিত-২, হিসাববিজ্ঞান-২, ভূগোল ও পরিবেশ-২, কৃষি শিক্ষা-২ বিষয়ের পরীক্ষা ছিল। আর মঙ্গলবার এসএসসিতে জীববিজ্ঞান (তত্ত্বীয়), অর্থনীতি, দাখিলে ইসলামের ইতিহাস, জীববিজ্ঞান (তত্ত্বীয়) ও দাখিল কারিগরিতে আরবি-২ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। গত ১২ ফেব্রুয়ারি স্থগিত করা পরীক্ষাটি ১৩ মার্চ নেয়া হবে। ওইদিন আটটি সাধারণ শিক্ষা বোর্ডে এসএসসিতে ইসলাম ও নৈতিক শিক্ষা/ইসলাম শিক্ষা, ইসলাম ও নৈতিক শিক্ষা/হিন্দু ধর্ম শিক্ষা, ইসলাম ও নৈতিক শিক্ষা/বৌদ্ধ ধর্ম শিক্ষা, ইসলাম ও নৈতিক শিক্ষা/খ্রিস্ট ধর্ম শিক্ষা বিষয়ের পরীক্ষা নেয়া হবে। এ ছাড়া দাখিলে ফিকহ ও উসুলুল ফিকহ, এসএসসি ভোকেশনালে পদার্থ বিজ্ঞান-২ (১৯২৫, সৃজনশীল) ও পদার্থ বিজ্ঞান-২ (৮১২৫, সৃজনশীল/সাধারণ) এবং দাখিল ভোকেশনালে পদার্থ বিজ্ঞান-২ (১৭২৫, সৃজনশীল) ও পদার্থ বিজ্ঞান-২ (৮৫২৫) বিষয়ের পরীক্ষা হবে।

হরতালের কারণে এ পর্যন্ত ১২ দিনের এসএসসি ও সমমানের পরীক্ষা পেছানো হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী এবার এ পরীক্ষায় মোট শিক্ষার্থী ১৪ লাখ ৭৯ হাজার ২৬৬ জন।

সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী বলেন, হরতাল-অবরোধের মাধ্যমে মানুষ হত্যা ছাড়া ক্ষয়ক্ষতি (মোট দক্ষিণ-পশ্চিম) অল্প থাকবে। লাভ হচ্ছে ন্যায় শিক্ষার্থীরা অসুস্থ ও অসুস্থতার মধ্যে পড়েছে। এতে তাদের আত্মকির্মে মাটি হতে হবে। মন্ত্রী বলেন, আশা করি তাদের মধ্যে ন্যূনতম মানবিক মূল্যবোধ জাগ্রত হবে। দেশের সর্বনাশ করছেন, এ উপলব্ধি থেকে তারা এ পথ থেকে সরে আসবেন। আশাঘোষিত তারা আর হরতাল দেবেন না।

শোভাযাত্রা স্থগিত : ছাত্রছাত্রীদের সৃজনশীলতার চর্চার অংশ হিসেবে দেশব্যাপী ফুল, কলেজ ও মাদ্রাসায় এবার 'সৃজনশীল মেধা অন্বেষণ' আয়োজন করা হয়েছে। এ প্রতিযোগিতার উদ্বোধনী উপলক্ষে আজ সকাল সাড়ে ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল থেকে শোভাযাত্রা বের করার কথা ছিল। কিন্তু হরতালের কারণে তাও স্থগিত করা হয়েছে। এ ব্যাপারে শিক্ষামন্ত্রী বলেন, হরতালের কারণে শোভাযাত্রাটি স্থগিত করা হয়েছে। তবে প্রতিযোগিতার অন্যান্য কার্যক্রম চলবে। বিশেষ করে উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের সব কার্যক্রম যথারীতি চালু থাকবে।

### একনজরে পরীক্ষার নতুন তারিখ

নির্ধারিত তারিখ	পরিবর্তিত তারিখ
১২/০২/২০১৫	১৩/০৩/২০১৫
২৪/০২/২০১৫	০৬/০৩/২০১৫
২৬/০২/২০১৫	০৭/০৩/২০১৫
০১/০৩/২০১৫	১৪/০৩/২০১৫
০৩/০৩/২০১৫ (স্থগিত)	পরে জানানো হবে